# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

এবং

মহাপরিদর্শক
নিবন্ধন অধিদপ্তর
এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

০১ জুলাই, ২০১৮ -৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র------------------------------------------------------------------৩-৪

প্রস্তাবনা--------------------------------------------------------------------------------------------৫

সেকশন১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি---------৬

সেকশন-২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফর/প্রভাব (Outcome/Impact)------------------------৭

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যে, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ--------------------------৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)--------------------------------------------------------------------১০

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি------------------------------১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা----------------------১২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of Performance of the Ministry/Divisison)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

**ভৌত অবকাঠামোঃ**

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনক্রমে গঠিত কমিটির সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় ০২ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে নিবন্ধন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করা হয়। মাঠ পর্যায়ের সকল জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ/পুনঃনির্মাণের বিষয়ে একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৪টি জেলা রেজিস্ট্রার ও ৯৮টি সাব-রেজিস্ট্রার কার্যালয়সহ মোট ১২২ টি অফিস ভবন নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক চলমান রয়েছে।

**রেজিস্ট্রিকৃত দলিল ও আদায়কৃত রাজস্বের পরিসংখ্যান ঃ**
২০১৬-১৭ অর্থ বছরে রেজিস্ট্রেশন বিভাগের রাজস্ব আদায়ের পরিমাণ ও রেজিস্ট্রিকৃত দলিলের সংখ্যা নিম্নরূপ

| অর্থ বছর | দলিল সংখ্যা | রেজিস্ট্রেশন আয় | স্থানীয় সরকার কর | মোট রাজস্ব আয় |
|---|---|---|---|---|
| ২০১৪-১৫ | ৩৪,১৯,৫৪২ | ৮৭৯২,৮০৬০,২৮২/- | ১৯৬০,২৫২৩,৮১৯/- | ১০৭৫৩,০৫,৮৪,১০১/- |
| ২০১৫-১৬ | ৩২,৬৩,৪৯৫ | ৯৪৭৯,৪১,৫২,২৮৬/- | ২১২৫,৩৪,৪০,৬৪১/- | ১১৬০৪,৭৫,৯২,৯২৭/- |
| ২০১৬-১৭ | ৩৪,৮৩,৭৮৮ | ৯৩৯৭,০৭,২৪,২২১/- | ২৩৫১,৬০,০৬,৯৫৭/- | ১১৭৪৮,৬৭,৩১,১৭৮/- |

**জনবল সংকট নিরসনঃ**

সারাদেশে মাঠ পর্যায়ে ২০১৬ সালে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে ২৪টি এবং পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সরাসরি ও নন-ক্যাডার হিসেবে সুপারিশপ্রাপ্ত মোট ১৭১টি সাব-রেজিস্ট্রারের শূন্যপদ পূরণ করা হয়েছে।

**নতুন অফিস স্থাপনঃ**

বর্তমান সরকারের মেয়াদকালে পল্লবী, শ্যামপুর ও ধানমন্ডিতে নতুন ০৩টি সাব-রেজিস্ট্রি অফিস স্থাপন করা হয়েছে।

**বালাম বহির সংকট নিরসণ**
দীর্ঘদিনের বকেয়া দলিল হালনাগাদকরণের নিমিত্ত ২০১৪-১৫ অর্থ বছরে ১ লক্ষ ৯৫ হাজার, ২০১৫-১৬ অর্থ বছরে ৮৫ হাজার এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৫০ হাজার বালাম বহি ও অন্যান্য ফরমাদি মুদ্রণ ও বাধাইক্রমে বালাম বহি গ্রহণ ও সারাদেশে তা সরবরাহ করা হয়েছে। এতে দেশের জনগণকে স্বল্পতম সময়ের মধ্যে রেজিস্ট্রিকৃত দলিলের মূল দলিল ফেরত প্রদান করা সম্ভব হচ্ছে। বিগত ০১/০১/২০১৭ খ্রিঃ সন হতে ৩১/১২/২০১৭ খ্রিঃ সন পর্যন্ত মোট ৩৩,৫৪,৪৭২/-(তেত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার চারশত বাহাত্তর) টি দলিলের নিবন্ধন কার্য সম্পাদিত ও নিবন্ধিত দলিলের সহিমোহর নকল সংশ্লিষ্ট পক্ষকে সরবরাহ করা হয়েছে।

**বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণঃ**

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে দেশের সকল জেলার জেলা রেজিস্ট্রার এবং মাঠ পর্যায়ের সকল সাব-রেজিস্ট্রারদের বিশেষ প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া, রেজিস্ট্রেশন বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে ও বিদেশে প্রশিক্ষণ খাতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ হতে ২০১৬-১৭ অর্থ বছরের জন্য ১০ (দশ) কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ৬০ জন কর্মকর্তার দুই মাস ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে বিদেশে প্রশিক্ষণের জন্য প্রথম ব্যাচে ১৫ জন এবং দ্বিতীয় ব্যাচে ১৬ জনসহ মোট ৩১ জন কর্মকর্তা যুক্তরাজ্যে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

**চ্যালেঞ্জসমূহ**

পুরাতন ভবনসমূহে ঝুঁকিপূর্ণ অবস্থায় রেজিস্ট্রেশন কার্য পরিচালিত হচ্ছে। পুরাতন ও জরাজীর্ণ অবকাঠামোগত সমস্যা ছাড়াও আধুনিক নিরাপত্তা সুবিধাহীন রেকর্ডরুমে ম্যানুয়ালি দলিলসমূহ ও রেকর্ডসমূহ সংরক্ষণ করা হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

১১৯ টি সাব-রেজিস্ট্রি অফিস নির্মাণ করে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে রেজিস্ট্রেশন বিভাগের সক্ষমতা বৃদ্ধি রেজিস্ট্রেশন বিভাগের কর্মকর্তা ও সহায়ক কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি। রেকর্ডরুমের অবকাঠামোগত উন্নয়নসহ আধুনিক সুবিধাসম্বলিত নিরাপত্তা ব্যবস্থা জোরদার, রেজিস্ট্রিগামী জণগণ যাতে সহজে দ্রুততার সাথে রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করতে পারে তার ব্যবস্থা করা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

* ২৫৯০ জন জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
* দ্রুততম সময়ের মধ্যে দলিল রেজিস্ট্রেশন কার্য সমাপ্ত করা;
* বাল্য বিবাহ বন্ধে নিকাহ্ রেজিস্ট্রারদেরকে উদ্ধুদ্ধকরণ ও ৪০০ জন নিকাহ্ রেজিস্ট্রারকে প্রশিক্ষণ প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প, ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন ও বিচার বিভাগঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, আইন ও বিচার বিভাগঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

এবং

মহাপরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর এর মধ্যে ২০১৮ মালের ২১ জুন তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

**সেকশন-১**

১.১ রূপকল্প (Vision)

রেজিস্ট্রেশন ব্যবস্থার উন্নয়ন সাধন করে সেবা প্রার্থীদেরকে দ্রুততম সময়ে মানসম্পন্ন রেজিস্ট্রেশন সার্ভিস প্রদান।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

স্বল্পতম সময়ে দলিলের রেজিস্ট্রেশন সম্পন্নকরণ ও দলিলের নকল প্রাপ্তি।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সহজে স্বল্প সময়ে দলিল নিবন্ধন;
২. দলিল নিবন্ধন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি;
৩. ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি;
৪. বাল্য বিবাহ বন্ধে সচেতনতা বৃদ্ধি ও প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
৫. জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ কার্য সমাপ্ত ও হস্তান্তর।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৩ কার্যাবলি (Functions)**

১. দেশের সকল জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রারদের পদায়ন, বদলী ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম;
২. দেশের সকল জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রারদের অবসর ও আনুতোষিক সংক্রান্ত কার্যক্রম;
৩. সারা বাংলাদেশের মুসলিম নিকাহ্ রেজিস্ট্রার, হিন্দু বিবাহ নিবন্ধক, স্পেশাল ম্যারেজ রেজিস্ট্রার, খ্রিস্টান ম্যারেজ রেজিস্ট্রার নিয়োগ প্রদান ও তাদের নিয়ন্ত্রণ;

## সেকশন-২

### মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| | দলিল রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি | | ২২০ | ২২০ | ২২০ | ২১৫ | ২১০ | আইন ও বিচার বিভাগ | আইন ও বিচার বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | | |

## সেকশন-৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| (১) ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি | ৯ | (১.১) জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও সহকারীদের প্রশিক্ষণ প্রদান | (৩.১.১) প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | সংখ্যা | ২০ | | | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২৫ | ১২০ | ১৬০ | ১৭০ |
| | | | (৩.১.২) প্রশিক্ষিত সাব-রেজিস্ট্রার | সংখ্যা | ১৫ | | | ৪০ | ৩৫ | ৩২ | ৩০ | ২৮ | ৪৫ | ৫০ |
| | | | (৩.১.৩) প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | সংখ্যা | ১০ | | | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১২৫০ | ১৩০০ |
| | | | (৩.১.৪) প্রশিক্ষিত দলিল লিখক | সংখ্যা | ১০ | | | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১২৫০ | ১৩০০ |
| (২) বাল্যবিবাহ বন্ধে নিকাহ্ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ প্রদান; এবং | ৫ | (২.১) নিকাহ্ রেজিস্ট্রার প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ | (৫.১.১) নিকাহ্ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ | সংখ্যা | ১০ | -- | -- | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৮০ | ২৫০ | ৫০০ | ৬০০ |
| | | | (৫.১.২) সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন | সংখ্যা | ১০ | -- | -- | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৮০ | ২৫০ | ৫০০ | ৬০০ |

আমি, মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, এর প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, আইন ও বিচার বিভাগ : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, এর সচিব হিসেবে মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

20.06.2018

| | |
|---|---|
| মহাপরিদর্শক (নিবন্ধন)<br>নিবন্ধন অধিদপ্তর | তারিখ |

| | |
|---|---|
| সচিব<br>আইন ও বিচার বিভাগ<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১. | বা, লো, প্র, প্র, কে | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| ০২. | বি, প্র, প্র, ই | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট |

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| (১.১) জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও সহকারীদের প্রশিক্ষণ প্রদান | (১.১.১) প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | সাব-রেজিস্ট্রি অফিস ও জেলা রেজিস্ট্রার এর কার্যাবলি যথাযথভাবে তত্ত্বাবধান | নিবন্ধন অধিদপ্তর | সংখ্যা | বার্ষিক প্রতিবেদন, আইন ও বিচার বিভাগ |
| | (১.১.২) প্রশিক্ষিত সাব-রেজিস্ট্রার | দলিল নিবন্ধনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইন ও নিবন্ধন ম্যানুয়েলের যথাযথ প্রয়োগ | ঐ | ঐ | ঐ |
| | (১.১.৩) প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | যথাযথভাবে দলিল রেজিস্ট্রেশনের বিষয়ে অবহিতকরণ | ঐ | ঐ | ঐ |
| | (১.১.৪) প্রশিক্ষিত দলিল লিখক | আইন ও বিধি অনুযায়ী দলিল লিখার পদ্ধতি ও প্রয়োজনীয় বিষয়াদি অবহিতকরণ | ঐ | ঐ | ঐ |
| (১.২) নিকাহ্ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ | (১.২.১) প্রশিক্ষিত নিকাহ্ রেজিস্ট্রার | বাল্য বিবাহ বন্ধে করণীয় সম্পর্কে অবহিতকরণ | ঐ | ঐ | ঐ |
| | (১.২.২) সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন | বাল্য বিবাহ বন্ধে সচেতন করা | ঐ | ঐ | ঐ |

সংযোজনী-৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠাণের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | | | | | |
| বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | | | | | |
| স্থানীয় প্রশাসন | | | | | |
| | | | | | |